# পাঁচ-ধাপের পরিকল্পনা

আমাদের পাঁচ-ধাপের পরিকল্পনা (ETI সদস্যগণের নিকট উপলব্ধ – www.ethicaltrade.org/foa-rights) স্বাধীন শ্রমিক প্রতিনিধিত্ব এবং ট্রেড ইউনিয়ন সম্পর্কের প্রতি পূর্ণাঙ্গ ও কার্যকর সমর্থনের প্রতি যাত্রায় আপনাকে নির্দেশনা প্রদান করবে। প্রত্যেক ধাপে রয়েছে সুনির্দিষ্ট নির্দেশনার সাথে সুপারিশকৃত পদক্ষেপ।

**1**

**পর্যালোচনা ও পরিমার্জন নীতিমালাঃ**
নীতিমালা, সাপ্লাই চেইনে কর্মরত সকল কর্মীদের জন্য তাদের প্রতি মনোভাব, রীতিনীতি ও প্রতিশ্রুতি নির্ধারন করে। আমরা আমাদের নীতিমালা প্রয়োগের ক্ষেত্রে, নীতিমালা পর্যালোচনা করার উপায় সংক্রান্ত রূপরেখা প্রদান করি।

**2**

**ঝুঁকি সনাক্তকরনঃ**
এই ধাপে বৈধ আইনি প্রক্রিয়ার মধ্যে থেকে নিজেদের প্রয়োজন ও উদ্বেগ তুলে ধরার জন্য কর্মীদের স্বাধীন কর্মীসংগঠন তৈরী ও যৌথ দরকষাকষির ক্ষেত্রে কেন্দ্রীয় ভূমিকা উপস্থাপন করা হয়।

**3**

**কৌশল গঠনঃ**
রমিক প্রতিনিধিত্বের অগ্রগতির একটি বাস্তব নমুনা। এটি একটি কৌশলগত প্রচেষ্টা যা কিনা সুষ্ঠ শিল্প সম্পর্ক বাস্তবায়নে এবং পূর্নতা প্রদানে সহায়তা করে।

**4**

**যোগাযোগ ও প্রতিকারঃ**
কর্মীদের অধিকার ও সুরক্ষা সংক্রান্ত বিষয়ে যোগাযোগের কৌশলগত ব্যাপারে নির্দেশনা। একই সাথে ব্যাবসায়ীক ক্ষেতে ইতিবাচক আলাপ আলোচনার জন্য এবং কোন বিষয়ে অসম্মতি জ্ঞাপন হলে কিভাবে সাড়া দিতে হবে সে সংক্রান্ত নির্দেশনা।

**5**

**প্রয়োগ, সঙ্গস্থাপন ও একত্রীকরনঃ**
দেশব্যাপী সহযোগীতা; মান্দন্ড, বিধিমালা ও পরিচালনা ব্যবস্থার একত্রীকরন; এবং দায়িত্বপূর্ন ক্রয়ের মাধ্যমে প্রতিশ্রুতির সামঞ্জস্য বিধান।

© Ethical Trading Initiative 2019. All rights reserved. V1/05/19

ইথিক্যাল ট্রেডিং ইনিশিয়েটিভ (ETI) হলো কোম্পানি, ট্রেড ইউনিয়ন ও বিভিন্ন এনজিও এর শীর্ষস্থানীয় মৈত্রী জোট যেটি সারা বিশ্বের কর্মীদের অধিকারের প্রতি সম্মানের প্রচার করে। আমাদের স্বপ্ন হলো এমন একটি পৃথিবী গড়া যেখানে সব কর্মী শোষণ ও বৈষম্য থেকে মুক্ত থাকবে এবং স্বাধীনতা, নিরাপত্তা ও সাম্যের পরিবেশ উপভোগ করবে।

**Ethical Trading Initiative**
8 Coldbath Square
London EC1R 5HL
United Kingdom

+44 (0)20 7841 4350
eti@eti.org.uk
@ethicaltrade
ethicaltrade.org

# সংগঠনের স্বাধীনতা বাস্তবায়ন: একটি পাঁচ-ধাপের পরিকল্পনা

Ethical Trading Initiative
For workers' rights. For better business.

কোম্পানিসমূহকে ETI এর মৌলিক শ্রম আচরণ বিধি অনুসারে সংগঠনের স্বাধীনতা, যৌথ দরকষাকষি এবং তাদের সাপ্লাই চেইনের মধ্যে কর্মীদের প্রতিনিধিত্ব বাস্তবায়নে সাহায্য করার উদ্দেশ্যে ETI পাঁচ-ধাপের একটি পরিকল্পনা এবং অনলাইন রিসোর্স প্রণয়ন করেছে।



## সংগঠনের স্বাধীনতা কী (FOA?)

FOA মানবাধিকারের সর্বজনীন ঘোষণায় সংরক্ষিত রয়েছে। এর মধ্যে রয়েছে সমাবেশ, সংগঠন এবং ট্রেড ইউনিয়নের সদস্য হওয়ার স্বাধীনতা।

এই অধিকার জাতি, ধর্ম, লিঙ্গ, পেশা, জাতীয়তা বা রাজনৈতিক মতামত নির্বিশেষে সকল কর্মীবৃন্দ এর জন্য প্রযোজ্য। এটি অনানুষ্ঠানিক খাতের শ্রমিকদের ক্ষেত্রেও প্রযোজ্য, যেমন যারা কর্মসংস্থান চুক্তির অধীনে কাজ করছেন না তাদের ক্ষেত্রে। এটি শ্রমিক সমতা ও সুরক্ষার উপর জোর দেওয়ার মাধ্যমে অর্থনৈতিক ও সামাজিক অগ্রগতি সহজতর করে।

FOA এর মাধ্যমে ব্যবসা, মানুষ ও পৃথিবীর দীর্ঘমেয়াদী স্থায়িত্বও শক্তিশালী হয় যেমনটা ILO এ বর্ণিত হয়েছে:

- নিরবিচ্ছিন্ন উন্নয়ন লক্ষ্য যথোচিত কর্ম পরিকল্পনা (SDG8)
- জলবায়ু পরিবর্তন অভিযোজন এবং পরিবেশগত স্থায়িত্ব বিষয়ক উপযুক্ত স্থানান্তর নীতিমালা এবং
- যান্ত্রিকীকরণ ও ই-কমার্সের প্রতি শিল্পের দিক পরিবর্তনে কর্ম কমিশনের ভবিষ্যৎ।

## কর্মীদের প্রধান লক্ষণীয় ঝুঁকি

FOA এবং যৌথ দরকষাকষি (CB) অনেক কম আলোচিত হয়ে থাকে এবং মাঝে মাঝে অন্যান্য অধিকারের তুলনায় অধিক সক্রিয় বিরোধিতার সম্মুখীন হয়। দায়িত্ববান ব্যবসাগুলো কর্মক্ষেত্রে মানবাধিকার রক্ষায় তাদের প্রতিশ্রুতির কারণে সংগঠনের স্বাধীনতা, যৌথ দরকষাকষি এবং কর্মীদের প্রতিনিধিত্বের অনুপস্থিতি যে তাদের সাপ্লাই চেইনে কর্মীদের জন্য একটি প্রধান ঝুঁকি তা স্বীকার করে এবং তাদের প্রতিশ্রুতি পূরণে প্রচেষ্টা গ্রহণ করে।



## অধিকার প্রাপ্তি ও কর্মীদের সুরক্ষা

FOA হচ্ছে নিয়োগকর্তা ও কর্মীদের মধ্যে আলোচনা, পরামর্শ, মতামত বিনিময় এবং দর কষাকষি প্রতিষ্ঠার মূল যেমনটি বর্ণিত হয়েছে আন্তর্জাতিক শ্রমিক সংস্থার কর্মক্ষেত্রে মৌলিক নীতিমালা ও অধিকার, সমিতির স্বাধীনতা এবং সমাবেশ আয়োজনের অধিকার সংরক্ষণ একটি সংগঠন তৈরীর, 1948 (নং 87)-তে।
এটি একটি সামর্থ্য লাভের অধিকার হিসেবে পরিচিত কারণ কর্মক্ষেত্রের জন্য অন্য সকল সর্বজনীন মানবাধিকার অথবা মূল শ্রম মানদণ্ড এবং কর্মীদের সুরক্ষা এটি থেকেই সৃষ্টি হয়।



## ব্যবসার জন্য ভালো

FOA ও CB এর প্রতি সমর্থন ও বাস্তবায়ন ইতিবাচক ব্যবসায়িক পরিবেশ সৃষ্টিতে ভূমিকা রাখতে পারে। এর মধ্যে রয়েছে দ্রুত বিরোধ নিস্পত্তি, নিয়োগকর্তা ও কর্মীর দক্ষতা উন্নয়ন এবং স্বাস্থ্য ও নিরাপত্তার উন্নয়ন।

শ্রমিক প্রতিনিধিগণও তাদের কর্মক্ষেত্রে নিরাপত্তা, স্বাস্থ্য ও সুস্থতার মানদণ্ড উন্নয়ন, শিশু শ্রম মঞ্জুর না করা অথবা আধুনিক দাসত্বে ঝুঁকিসমূহ সনাক্ত করা নিশ্চিতকরণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকেন, এতে অডিট প্রক্রিয়া ও ফলাফল যাচাইয়ের ব্যয় কমে যায়।

## শ্রমিক প্রতিনিধিগণের উপর বিনিয়োগ

ETI প্রত্যাশা করে যে ব্যবসা প্রতিষ্ঠান ও নিয়োগকর্তাগণ স্বাধীন শ্রমিক প্রতিনিধিত্বের প্রতি ইতিবাচক ও সহায়ক মনোভাব পোষণ করবে। এর মানে হলো ট্রেড ইউনিয়নের প্রতি মুক্ত মনোভাব পোষণ করা এবং যেখানে এটি প্রযোজ্য নয় সেখানে গঠনমূলক সমাধান খুঁজে পেতে সরবরাহকারীদের সাথে কাজ করা।

স্বাধীনভাবে নির্বাচিত শ্রমিক প্রতিনিধিগণের হুমকি, হয়রানি বা প্রতিশোধের ভয় থাকবে না। তারা হলেন শ্রমিকগণ কতটা স্বাধীনভাবে সম্মিলিত বোঝাপড়ার মাধ্যমে তাদের শিল্প বা কর্মক্ষেত্রে মতামত প্রকাশ ও অবদান রাখতে পারেন তার মাপকাঠি।

সে কারণেই কার্যকর শ্রমিক প্রতিনিধিত্ব সম্মিলিত বোঝাপড়ার মাধ্যমে FOA এবং যৌথ দরকষাকষি কর্তৃক সমর্থিত।

## ট্রেড ইউনিয়নের সদস্যপদ

স্বাধীন ট্রেড ইউনিয়নগুলি কর্মীর প্রতিনিধিত্বের জন্য আদর্শ মডেলের প্রতিনিধিত্ব করে কারণ এগুলো FOA এর বাস্তব ফলাফল এবং এর সাথে অন্তর্নিহিতভাবে সম্পর্কিত। ট্রেড ইউনিয়নগুলির আইনি সুরক্ষা, সংস্থানের অ্যাক্সেস, বিস্তৃত ট্রেড ইউনিয়ন নেটওয়ার্কের সহায়তা রয়েছে এবং এগুলো নিয়োগকর্তার প্রভাবমুক্ত।

যেখানে FOA সংরক্ষিত এবং যেখানে ইউনিয়নগুলো কাজ করতে পারে না, সেখানে পরবর্তী সবচেয়ে ভালো উপলভ্য কর্মীর প্রতিনিধিত্বকারী কাঠামোটির অনুসন্ধান করা উচিত।

## প্রতিনিধিত্বের বিকল্প কাঠামো

এমন কিছু পরিস্থিতি আছে যেখানে ইউনিয়নগুলো তাদের আইনসঙ্গত কার্যক্রম নির্বাহ করতে গিয়ে বিভিন্ন উল্লেখযোগ্য চ্যালেঞ্জের সম্মুখীন হয়। তবুও, এটিকে প্রতিনিধিত্বের বিকল্প কাঠামো প্রতিষ্ঠার কারণ হিসেবে ব্যবহার করা উচিত নয় যা ইউনিয়নে প্রবেশাধিকারে বা ভবিষ্যতে সম্পৃক্ততায় ব্যাহত করবে বা বাধে দেবে।

বরং, এইসব ক্ষেত্রে, সংলাপ গঠনে সাহায্য করতে এবং কর্মী ও নিয়োগকর্তার শিল্প সংক্রান্ত সম্পর্ক দক্ষতা বৃদ্ধি করতে বিভিন্ন পদক্ষেপ নিতে হবে। এছাড়াও কোম্পানিগুলোকে ইউনিয়নগুলির সাথে চুক্তি সমর্থন করা উচিত এবং এমন ভিত্তি গড়া উচিত যা মধ্যম মেয়াদে সম্পূর্ণ ও স্বাধীন প্রতিনিধিত্বকে সক্ষম করবে।

তবে, কোম্পানিগুলোকে সচেতন থাকতে হবে যে প্রতিনিধিত্বের যেকোনো বিকল্প বা অন্তর্বর্তীকালীন কাঠামোর ইউনিয়নের স্বীকৃতির অভাবের জন্য ক্ষতিপূরণ দেয়ার বৃহত্তর প্রতিশ্রুতি থাকা দরকার, উদাহরণস্বরূপ:

- আইনি সুরক্ষার অভাব পুষিয়ে নিতে প্রাপ্ত সুবিধার সর্বোত্তম ব্যবহার,
- কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সহায়তার ব্যবস্থা যেমন তথ্য ও প্রশিক্ষণের সুযোগ, এবং
- ইউনিয়ন নেটওয়ার্কের ক্ষতি পুষিয়ে নেয়া এবং নিয়োগকর্তার জন্য কর্মীদলের প্রতিনিধিত্ব করতে গিয়ে প্রতিনিধিদের স্বাধীনভাবে ও সমতার সাথে কথা বলা ও কাজ করার অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করার কঠোর আবশ্যকীয়তা।

## FOA হলো চাবিকাঠি

FOA কর্মীদের তাদের সম্মিলিত কণ্ঠের জন্য এক স্বচ্ছ প্ল্যাটফর্ম লাভ করার সম্ভাবনা সৃষ্টি করে এবং মানদণ্ড উন্নয়ন, কর্মক্ষেত্রের রীতিসমূহের উন্নতি এবং তারা যে ব্যবসাসমূহে অবদান রাখে সেগুলোর দীর্ঘমেয়াদী টিকে থাকার ক্ষেত্রে অবদান রাখা সর্বাধিক গুরুত্বপূর্ণ।

